The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 924 | 29 May 2026 | শুক্রবার ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২



New York City Resident Could Apply for $50 World Cup Tickets until Saturday May 30

→ Page 19

Canadians are folding on Vegas Democrats see a royal flush

→ Page 18





'Prince' approved for screening again after board review

→ Page 18

Trump Board of Peace's official Gaza fund is empty

→ Page 19



# বাংলাদেশ সীমান্তে ভারতীয় পুশইন আতংক

## 'মুসলিম খেদাও' এজেন্ডায় মরিয়া বিজেপি

হাসান মাহমুদ/মাসুদ করিম
*ঢাকা থেকে*



পশ্চিমবঙ্গে মুখ্যমন্ত্রী হিসেবে বিজেপির শুভেন্দু অধিকারী ক্ষমতায় আসার পর বাংলাদেশ সীমান্তে ব্যাপক উত্তেজনা বিরাজ করছে। 'ডিটেক্ট, ডিলিট, ডিপোর্ট' নীতি অনুসরণ করে হিন্দুত্ববাদি সরকার হাজার হাজার বাংলা ভাষাভাষিদের দিল্লী ও গুজরাট এলাকা থেকে ধরে দলে দলে বাংলাদেশ সীমান্তে জড়ো করছে বলে ভারতীয় গণমাধ্যমে তথ্য প্রকাশিত হয়েছে। সীমান্তে সরকারীভাবে 'বন্দিশালা' করা হয়েছে তাদেরকে আটক রাখার জন্য। নির্মম অত্যাচারের শিকার এসব ভারতীয়কে বাংলাদেশি বানিয়ে 'পুশইন' করার চেষ্টা চলছে। এ কারণে বাংলাদেশ সীমান্তরক্ষি বাহিনী বিজিবিকে সতর্ক রাখা হয়েছে। ভারতীয় সীমান্ত রক্ষি বাহিনী বিএসএফ বাংলাদেশ সীমান্ত জড়ো হয়ে ভূমি মাপার চেষ্টা করলে তাদেরকে সশরীরে বাধা দিয়ে চলেছে বিজিবি সদস্যরা। জোর করে সীমান্তনীতি ভঙ্গ করে জমি মাপার কাজ শুরু করতে চায় ভারতীয় সীমান্তরক্ষি বাহিনী। তাতে সীমান্তে নতুন উত্তেজনা দেখা দিয়েছে বলে জানা যায়। এদিকে ভারত বাংলাদেশ সীমান্তে তীব্র অভিবাসন সংকট তৈরি করায় সীমান্ত অচলাবস্থা বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবঙ্গে ভারতীয়

এরপর ২০ পৃষ্ঠায়



মন্তব্য প্রতিবেদন

## বইমেলার ঝাড়ুদার তিনি

মনোয়ারুল ইসলাম

নিউইয়র্ক বইমেলার আরও একজন ঝাড়ুদার কিংবা হুইপ দরকার। ৩৫টি বছর এই বইমেলার ব্যাপ্তি বেড়েছে। মেলার বাইরে অংশগ্রহণকারীর সংখ্যা বেড়েছে কয়েকগুণ। মেলার অভিভাবক, ভ্যানগার্ড, প্রবর্তক কিংবা ঝাড়ুদার যে নামেই অভিহিত করা হোক কেন তিনি আর কেউ নন-বিশ্বজিৎ সাহা। সমালোচকরা তাকে ভিন্ন নামে ডাকলেও এই কমিউনিটিতে শত সমালোচনার বাধাবিপত্তির মধ্যে তিনি বইমেলা ও বৈশাখী উৎসবকে জনপ্রিয় করে তুলেছেন। দ্বিতীয় কোন বিশ্বজিৎ আর গড়ে উঠেনি। তার এই কীর্তি ধরে রাখতে আরও এক বা একাধিক

এরপর ২০ পৃষ্ঠায়

## ট্রাম্প আদলের মহিষটি জাতীয় চিড়িয়াখানায়



আজকাল রিপোর্ট
*ঢাকা থেকে*

হেয়ার স্টাইলে ব্যাপক সাদৃশ্য। চুলের রং অবিকল। আলবেনো জাতের মহিষটি সোস্যাল মিডিয়ায় আসার সঙ্গে সঙ্গে ভাইরাল। তারপর শুরু

এরপর ৪৩ পৃষ্ঠায়

## গ্রিনকার্ড পেতে আগে যুক্তরাষ্ট্র ত্যাগ করতে হবে

আজকাল রিপোর্ট





গ্রিনকার্ডের আবেদন চলাকালে অভিবাসীদের যুক্তরাষ্ট্রে অবস্থানের সুযোগ সীমিত করতে নতুন উদ্যোগ নিয়েছে ট্রাম্প প্রশাসন। প্রশাসনের দাবি, বর্তমান ব্যবস্থায় এমন একটি আইনি ফাঁক রয়েছে, যার মাধ্যমে অনেক অভিবাসী স্থায়ী বসবাসের অনুমতির আবেদন করে দীর্ঘ সময় যুক্তরাষ্ট্রে থেকে যেতে পারছেন। এটা আর চলবে না। আবেদন বিবেচনা চলাকালীন সময়ে তারা যুক্তরাষ্ট্রে থাকতে পারবেন না। নিজ দেশে ফিওে যেতে হবে।

গত শুক্রবার মার্কিন নাগরিকত্ব ও অভিবাসন সংস্থা যুক্তরাষ্ট্র নাগরিকত্ব ও অভিবাসন সেবা সংস্থা (ইউএসসিআইএস)) নতুন নির্দেশনা জারি করেছে। সেখানে বলা হয়েছে, যারা অস্থায়ী নন-ইমিগ্র্যান্ট স্ট্যাটাস থেকে স্থায়ী

এরপর ২০ পৃষ্ঠায়

## স্টেট এসেমব্লি'র নির্বাচনে কারিনার চ্যালেঞ্জার বাংলাদেশি জাকির





আজকাল রিপোর্ট

বাংলাদেশি-আমেরিকান জাকির চৌধুরী নিউইয়র্ক স্টেট এমেব্লি ডিস্ট্রিক্ট ৮৭ এলাকা থেকে নির্বাচনে লড়ছেন। তিনি নির্বাচিত হলে আলবেনিতে (নিউইয়র্ক স্টেট ক্যাপিটল) প্রথম বাংলাদেশি রাজনীতিবিদ হিসেবে ইতিহাস সৃষ্টি করবেন। তিনি বর্তমান এসেমব্লিওম্যান কারিনে রেয়েসের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করছেন, যিনি ২০১৯ সালের জানুয়ারি থেকে এই পদে আসীন আছেন। ২০২৬ সালের ২৩শে জুন ডেমোক্র্যাটিক দলের প্রাইমারি নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে বিজয়ী প্রার্থীই ২০২৬ সালের ৩রা নভেম্বর অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচনে ডেমোক্র্যাটিক দলের হয়ে চূড়ান্ত প্রার্থী হিসেবে লড়বেন। যেহেতু এই নির্বাচনী এলাকাটি ঐতিহাসিকভাবেই ডেমোক্র্যাটিক দলের শক্ত ঘাঁটি, তাই সাধারণত সাধারণ নির্বাচনে ডেমোক্র্যাটিক

এরপর ২০ পৃষ্ঠায়



## মেয়র মামদানির বাসভবনের সামনে ইহুদিদের বিক্ষোভ

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানির সরকারি বাসভবনের সামনে বিক্ষোভ করেছে ইহুদি সম্প্রদায়ের সদস্যরা। যুক্তরাষ্ট্রের ম্যানহাটনে আয়োজিত এ কর্মসূচিতে অংশ নেন বিপুলসংখ্যক বিক্ষোভকারী। আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলোতে এ সংবাদ প্রকাশ

এরপর ২০ পৃষ্ঠায়

## ৬০ দিনের যুদ্ধ বিরতিতে সমঝোতা স্মারক

যুক্তরাষ্ট্র ও ইরান ঐকমত্য



আজকাল রিপোর্ট

চলমান যুদ্ধবিরতির মেয়াদ বৃদ্ধি এবং ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে আনুষ্ঠানিক আলোচনা শুরু করার জন্য ৬০ দিনের একটি সমঝোতা স্মারক (এমওইউ) চূড়ান্ত

এরপর ৪৩ পৃষ্ঠায়

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC NYC TAXI
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস ও মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# শিশু রামিসা হত্যা ও আমাদের দায়

রাজধানীর পল্লবীতে আট বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার ঘটনা পুরো দেশকে ক্ষুব্ধ করেছে। এমন নিষ্ঠুরতা সভ্য সমাজের জন্য লজ্জার। ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যম থেকে শুরু করে রাজপথে দ্রুত বিচারের দাবি উঠেছে। মানুষের এই ক্ষোভ কেবল একটি ঘটনার প্রতিক্রিয়া নয়; এটি দীর্ঘদিনের জমে থাকা হতাশা ও বিচারহীনতার বিরুদ্ধে প্রতিবাদ।

বাংলাদেশে ধর্ষণ ও নারী-শিশুর প্রতি সহিংসতার ঘটনা নতুন নয়। কিন্তু উদ্বেগের বিষয় হলো, অধিকাংশ আলোচিত মামলার বিচার বছরের পর বছর ঝুলে থাকে। কখনো তদন্ত শেষ হয় না, কখনো সাক্ষ্যগ্রহণ বিলম্বিত হয়, আবার কখনো উচ্চ আদালতে গিয়ে মামলা দীর্ঘসূত্রতায় আটকে যায়। ফলে অপরাধীরা এক ধরনের বার্তা পেয়ে যায় যে, ভয়াবহ অপরাধ করেও শেষ পর্যন্ত পার পাওয়া সম্ভব। এ সংস্কৃতিই সমাজে অপরাধপ্রবণতা বাড়িয়ে তোলে।

> দ্রুত ও নিরপেক্ষ বিচার নিশ্চিত করতে হবে। তদন্ত সংস্থার দক্ষতা বাড়াতে হবে, ট্রাইব্যুনালের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং বিচারকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অবকাঠামোগত সহায়তা দিতে হবে। একই সঙ্গে ডিএনএ পরীক্ষার মতো গুরুত্বপূর্ণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার সক্ষমতা গড়ে তুলতে হবে।
> এখানে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো রাজনৈতিক ও সামাজিক প্রভাবমুক্ত বিচার। বহু ক্ষেত্রে দেখা যায়, আলোচিত ঘটনার পর রাজনৈতিক লাভ-লোকসানের হিসাব শুরু হয়। এতে মূল বিচার প্রক্রিয়া আড়ালে চলে যায়। অথচ একটি শিশুর জীবন কোনো রাজনৈতিক হাতিয়ার হতে পারে না। অপরাধী যে-ই হোক, তার দ্রুত বিচার নিশ্চিত করতে হবে

বিশেষজ্ঞরা বলেছেন, যত দ্রুত ধর্ষণের বিচার শেষ হবে, সমাজে এর প্রভাব তত বেশি পড়বে। বাস্তবতাও তা-ই বলে। অপরাধ দমনে কঠোর আইনের চেয়ে আইনের কার্যকর প্রয়োগ বেশি গুরুত্বপূর্ণ। বাংলাদেশে ধর্ষণ মামলার তদন্ত ১৫ থেকে ৩০ কার্যদিবসের মধ্যে শেষ করার বিধান রয়েছে। বিচারও ৯০ দিনের মধ্যে সম্পন্ন করার কথা। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই এই সময়সীমা মানা হয় না। আইন কাগজে-কলমে থাকে, বাস্তবে এর প্রতিফলন দেখা যায় না।

রামিসা হত্যাকাণ্ডের পর সরকার দ্রুত বিচারের আশ্বাস দিয়েছে। অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে এবং ডিএনএ পরীক্ষার কাজ চলছে। এসব ইতিবাচক পদক্ষেপ অবশ্যই গুরুত্বপূর্ণ। কিন্তু শুধু একটি মামলায় দ্রুত ব্যবস্থা নিলেই হবে না; পুরো বিচারব্যবস্থার কাঠামোগত দুর্বলতা দূর করতে হবে। কারণ সমস্যা একক নয়, এটি একটি দীর্ঘদিনের প্রাতিষ্ঠানিক সংকট।

ধর্ষণ মামলার বিচার বিলম্বিত হওয়ার পেছনে কয়েকটি বড় কারণ রয়েছে। প্রথমত, তদন্তের দুর্বলতা। অনেক সময় ফরেনসিক রিপোর্ট পেতে দীর্ঘ সময় লাগে। তদন্ত কর্মকর্তার বদলি হয়, আলামত সংরক্ষণে ঘাটতি থাকে। দ্বিতীয়ত, আদালতে মামলার অতিরিক্ত চাপ। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালগুলোতে হাজার হাজার মামলা বিচারাধীন। অথচ সে তুলনায় বিচারকের সংখ্যা খুবই কম। ফলে শুনানির তারিখ পিছিয়ে যায়। তৃতীয়ত, সাক্ষী সুরক্ষার অভাব। অনেক সাক্ষী ভয়, চাপ কিংবা অনীহার কারণে আদালতে উপস্থিত হন না অথবা বয়ান পরিবর্তন করেন। এতে বিচার আরও দীর্ঘ হয়।

বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলেম বলেছেন, রাষ্ট্রকে উদ্যোগী হয়ে বিচারব্যবস্থাকে ঠিক করতে হবে। এ বক্তব্যের ভেতরেই সমস্যার মূল নিহিত রয়েছে। কারণ ধর্ষণের মতো অপরাধ কেবল আইনশৃঙ্খলার বিষয় নয়, এটি রাষ্ট্রীয় সক্ষমতা ও সামাজিক নৈতিকতার প্রশ্ন।

রাষ্ট্র যদি সত্যিই ধর্ষণ কমাতে চায়, তাহলে শুধু কঠোর শাস্তির ঘোষণা দিলেই চলবে না। দ্রুত ও নিরপেক্ষ বিচার নিশ্চিত করতে হবে। তদন্ত সংস্থার দক্ষতা বাড়াতে হবে, ট্রাইব্যুনালের সংখ্যা

এরপর ২৭ পৃষ্ঠায়

# রামিসার মৃত্যুর পরও যে প্রশ্ন থেকে যায়

আবদুল্লাহ আল ইমরান



রামিসার ঘটনায় আমরা সবাই বিচার চাইছি- কঠোর ও দৃষ্টান্তমূলক বিচার। এমন এক বিচার, যাতে কেউ আর এমন কাণ্ড ঘটানোর সাহস না দেখায়। এই চাওয়াতে ভুল নেই। নিষ্পাপ শিশুর প্রতি এমন ভয়াবহ বর্বরতার পর বিচারের দাবি না ওঠাই বরং অস্বাভাবিক। কিন্তু প্রশ্ন হলো, এত বিচারের দাবি, এত সামাজিক ক্ষোভ, এত আলোচনার পরও কেন এ ধরনের সহিংসতা থামানো যাচ্ছে না? কোনো কোনো ক্ষেত্রে কেন তা আরও নিষ্ঠুর, আরও নির্মম হয়ে উঠছে? আমাদের এটা ভাবতে হবে। ভাবতে হবে যে শুধু বিচারহীনতাই নয়, সমাজে অপরাধ ও শাস্তিকে ঘিরে যে ভয়ভিত্তিক ও প্রতিশোধমূলক সংস্কৃতি তৈরি হয়েছে, সেটিও কি কোনোভাবে অপরাধের ধরনকে আরও ভয়ংকর করে তুলছে? এটি আরও গভীরভাবে বুঝতে হলে কিছু অপরাধবিজ্ঞানভিত্তিক ও সমাজতাত্ত্বিক বাস্তবতা খতিয়ে দেখতে হবে। অপরাধবিজ্ঞানে কোনো অপরাধকে কেবল ব্যক্তির বিচ্ছিন্ন বিকৃতি হিসেবে দেখা হয় না; যেখানে অপরাধটি ঘটেছে, সেই সমাজ, সংস্কৃতি ও পরিবেশও খতিয়ে দেখা হয়। তাই প্রশ্ন ওঠে, শুধু মৃত্যুদণ্ড দিয়েই এ ধরনের অপরাধের পুনরাবৃত্তি রোধ করা সম্ভব কি না।

আমেরিকায় বার্গলারি (সশস্ত্র চুরি বা জোরপূর্বক অনুপ্রবেশ), রবারি (ডাকাতি) কিংবা ভায়োলেন্ট ফেলনি (সহিংস গুরুতর অপরাধ) দমনের জন্য বহু বছর ধরে ফেলনি মার্ডার রুল (গুরুতর অপরাধ চলাকালে মৃত্যুকে হত্যাকাণ্ড হিসেবে গণ্য করার আইন)-এর মতো কঠোর আইন চালু ছিল। এমনকি বহু ক্ষেত্রে মৃত্যুদণ্ড পর্যন্ত দেওয়া হয়েছে। ধারণা ছিল, ভয় দেখিয়ে অপরাধ কমানো যাবে। বাংলাদেশেও বছরের পর বছর ধর্ষণ, মাদক কিংবা সহিংস অপরাধ ঠেকাতে কঠোর শাস্তি ও মৃত্যুদণ্ডের বিধান বাড়ানো হয়েছে। তাতে কিন্তু সেই অপরাধগুলো কমেনি। বাংলাদেশে দ্রুত বিচার ও মৃত্যুদণ্ডের নজির থাকার পরও ধর্ষণ ও হত্যার ঘটনা থামেনি। যেমন- মাদক নির্মূলের নামে বহু হত্যাকাণ্ড ঘটেছে, কিন্তু মাদক সমস্যা নির্মূল হয়নি। অন্যদিকে পৃথিবীর বহু দেশে মৃত্যুদণ্ড নেই, অথচ সেসব সমাজে নারী ও শিশুর নিরাপত্তা তুলনামূলকভাবে বেশি। নরওয়ে, সুইডেন, ডেনমার্ক, নেদারল্যান্ডস কিংবা কানাডার মতো দেশগুলো শুধু শাস্তি বাড়ানোর দিকে নয়; বরং শিক্ষা, সামাজিক সচেতনতা, আইনের শাসনের প্রতি আস্থা, জেন্ডার সমতা, মানসিক স্বাস্থ্য এবং সহিংসতা প্রতিরোধের সামাজিক সংস্কৃতি তৈরির দিকেও গুরুত্ব দিয়েছে।

> নারীর প্রতি সহমর্মিতা কাগজে-কলমে নয়; বাস্তব হবে, পুরুষতান্ত্রিক বর্বরতা সামাজিকভাবে অগ্রহণযোগ্য হবে, রাজনৈতিক উন্মত্ততা ও সামাজিক অবমাননার সংস্কৃতি কমবে এবং মানুষ ধীরে ধীরে আবারও মানবিক হবে। নইলে প্রতিবারই আমরা একই চক্রে ঘুরপাক খাব- শোক জানাব, বিচার চাইব, ক্ষোভে ফেটে পড়ব, তারপর আবার আরেকটি রামিসার খবরের সামনে দাঁড়িয়ে একই প্রশ্ন করব

বাংলাদেশে সাম্প্রতিক বছরগুলোতে ধর্ষণ বা নারী নির্যাতনের যেসব ঘটনা সবচেয়ে বেশি আলোচিত হয়েছে, সেগুলোর বড় অংশেই আমরা দেখেছি, অপরাধের পর ভিকটিমকে হত্যা করা হয়েছে। কারণ অপরাধীরা জানে, ধর্ষণের ঘটনা হয়তো ধামাচাপা দেওয়ার সুযোগ সে পাবে। কিন্তু ভিকটিম বেঁচে থাকলে তার পরিচয় ফাঁস করে দেবে, এতে জনরোষ তৈরি হবে। ফলে বিকৃত অপরাধী মনস্তত্ত্বের মধ্যে একটি ভয়ংকর রিস্ক ক্যালকুলেশন (ঝুঁকির হিসাব) কাজ করতে শুরু করে। ঘটনা ঘটিয়ে ফেলার পর সে ভাবে, সাক্ষীকে সরিয়ে দিতে পারলেই বোধ হয় বাঁচা যাবে।

ক্রিমিনোলজিতে এ বিষয়গুলো নিয়ে দীর্ঘদিন ধরেই আলোচনা ও গবেষণা হয়েছে। বহু দেশে সেক্সুয়াল ভায়োলেন্সের (যৌন সহিংসতা) সঙ্গে হোমিসাইড (হত্যাকাণ্ড) যুক্ত হওয়ার কারণ বিশ্লেষণ করতে গিয়ে উইটনেস এলিমিনেশন থিওরি (সাক্ষী নির্মূল তত্ত্ব) নিয়ে কাজ হয়েছে। অর্থাৎ, অপরাধী মূল অপরাধের শাস্তির ভয় থেকে নয়, বরং ধরা পড়ার ঝুঁকি কমাতে ভিকটিমকে হত্যার পথ বেছে নেয়। তবে এটিও সত্য, শুধু বিচারের ভয় দিয়েই বিষয়টি ব্যাখ্যা করা যাবে না। সমাজেরও একটি বড় ভূমিকা আছে। আমরা দেখছি, আমাদের সমাজে মানুষ ক্রমে আরও সহিংস, অমানবিক ও নারীবিদ্বেষী হয়ে উঠছে। গভীরভাবে বিশ্লেষণ করা প্রয়োজন, কেন ইদানীংকালে এমন ভয়াবহতা বাড়ছে? কেন নারী ও কন্যাশিশুরা ক্রমে আরও প্রান্তিক হয়ে পড়ছে? কেন তাদের নিরাপত্তা সংকট গভীর থেকে গভীরতর হচ্ছে? কেন এ দেশে মেয়েদের প্রকৃত ক্ষমতায়ন হয়নি? কেন এখনো পরিবার, সমাজ, শিক্ষা ও সংস্কৃতির ভেতরে নারীকে মানুষ হিসেবে নয়; বরং নিয়ন্ত্রণ, ভোগ, সম্মান

এরপর ৪০ পৃষ্ঠায়

# মমতা তো নেই, তিস্তায় বাংলাদেশ ন্যায্য হিস্যা কি পাবে

তুহিন ওয়াদুদ

তিস্তা নদীর পানিবণ্টন চুক্তির প্রতিশ্রুতি কে না দিয়েছেন। ভারতের সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং, বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিসহ তাঁদের পররাষ্ট্রমন্ত্রী, পররাষ্ট্রসচিব-সবাই তিস্তার পানিচুক্তি হবে মর্মে আশ্বস্ত করেছেন। নরেন্দ্র মোদি অনেকবারই প্রতিশ্রুতি দিয়েছেন। বাধা ছিল পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনিও পরিস্থিতির কারণে আশ্বাস দেননি তা নয়।

যাহোক মমতা বন্দ্যোপাধ্যায় আর মুখ্যমন্ত্রী নেই। ফলে সেই অজুহাত আর ব্যবহার করার কোনো সুযোগ নেই। তা ছাড়া দেশটির কেন্দ্রীয় সরকার যে দলীয়, সেই বিজেপি পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে জয়ী হয়েছে। কিন্তু প্রশ্ন হলো পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবার কি তবে তিস্তা পানিবণ্টন চুক্তিতে সম্মত হবেন? নাকি মমতার পথে হাঁটবে বিজেপি সরকার?

২০১১ সালের ৬ সেপ্টেম্বর। তিস্তা নদীর পানিবণ্টন চুক্তি এবং ছিটমহল বিনিময় চুক্তি স্বাক্ষরিত হওয়ার কথা ছিল এদিনে। ভারতের কংগ্রেস-দলীয় প্রধানমন্ত্রী মনমোহন সিং এই চুক্তির জন্য ঢাকায় এসেছিলেন। আসার কথা ছিল পশ্চিমবঙ্গের তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়েরও। দুই দেশের চুক্তিবিষয়ক সব আয়োজন সম্পন্ন। মনমোহন সিংকে আগেই বরণ করেছিল ঢাকা। মমতা বন্দ্যোপাধ্যায়কে ঢাকা বরণ করার জন্য প্রস্তুত ছিল।

তিস্তায় ন্যায্য হিস্যার পানিতে চুক্তি হলে বাংলাদেশ কেবল পানি পাবে, তিস্তা বাঁচবে-বিষয়টি এখানেই সীমাবদ্ধ নয়। বরং দুই দেশের দূরত্ব কমতে পারে অনেকটাই।

অতি অকস্মাৎ খবর পাওয়া গেল, মমতা বন্দ্যোপাধ্যায় ঢাকা আসছেন না। এমনকি তিনি সাফ জানিয়ে দিয়েছেন যে তিস্তা পানিবণ্টন এবং ছিটমহল বিনিময় চুক্তিতে তাঁর দ্বিমত আছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের যদি দ্বিমত থাকে, তাহলে আগেই জানাতে পারতেন। কিন্তু তা জানানোর প্রয়োজন মনে করেননি। মনমোহন সিং এ নিয়ে কোনো ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখাননি। বাংলাদেশের পক্ষেও জোরালো কোনো প্রতিক্রিয়া দৃশ্যমান হয়নি। নরেন্দ্র মোদি ভারতের প্রধানমন্ত্রী হওয়ার পর ছিটমহল বিনিময় চুক্তি হলেও তিস্তাচুক্তি ঝুলেই আছে।



১৯৮৭ সাল পর্যন্ত তিস্তায় অন্তর্বর্তীকালীন চুক্তি ছিল। সেই চুক্তি অনুযায়ী তিস্তার পানির ৩৯ শতাংশ ছিল ভারতের, বাংলাদেশের ছিল ৩৬ শতাংশ এবং বাকি ২৫ শতাংশ ছিল নদীর জন্য। ২০১১ সালে নতুন করে তিস্তা চুক্তির উদ্যোগ ভেস্তে যায়। এর মাত্র তিন বছরের মাথায় ২০১৪ সালে আমরা দেখলাম ভারত তিস্তার পানি একতরফা প্রত্যাহার করতে শুরু করল।

বাংলাদেশে তিস্তা সেচ প্রকল্পের আওতায় ২০১৪ সালে প্রায় ৬৫ হাজার হেক্টর জমিতে ধান চাষ করা হচ্ছিল এই পানিতে। হঠাৎ পানি বন্ধ হয়ে যাওয়ায় সেচ প্রকল্পের আওতায় থাকা জমি ফেটে চৌচির হতে থাকে। কৃষকের আহাজারিতে আকাশ-বাতাস ভারী হয়ে উঠেছিল। রোপণ করা ধান ঘরে তুলতে পারেননি কৃষকেরা। আমরা অনেকে এই ক্ষতিপূরণ চেয়েছিলাম। সরকার ছিল চুপচাপ। বাংলাদেশের সঙ্গে ভারতের এই পানি আগ্রাসী কাজের বিরুদ্ধে সরকারের পক্ষে কোনো প্রতিবাদ-প্রতিক্রিয়া জানানো হয়নি। বরং বিএনপি, জাতীয় পার্টি, বাসদসহ অনেক রাজনৈতিক দল ব্যারাজ পর্যন্ত লংমার্চ করেছে।

১৯৯৭ সালের আন্তর্জাতিক পানিপ্রবাহ কনভেনশন অনুযায়ী উজানের দেশ ভাটির দেশকে না জানিয়ে পানি প্রত্যাহার দূরের কথা, নদীর পানিতে এমন কোনো কাজই করতে পারে না যে কারণে ভাটির দেশে ক্ষতিগ্রস্ত হয়। এমনকি উজানের দেশ আন্তসীমান্ত যেকোনো নদীর পানিতে লাভজনক কিছু করলে ভাটির দেশ সেই লাভের অংশীদার হবে।

ভারত-বাংলাদেশ কোনো দেশ এই কনভেনশনে অনুসমর্থন করেনি। ভারত করতে চায় না। কারণ, এতে পানিনীতি একতরফা হতে পারবে না। আর বাংলাদেশ এটাতে স্বাক্ষর করে না-কারণ, ভারত এতে ক্ষুণ্ণ হতে পারে। ১৯৯৭ সালের আন্তর্জাতিক পানিপ্রবাহ কনভেনশন ২০১৪ সালে ভিয়েতনাম ৩৫তম দেশ হিসেবে অনুসমর্থন করার পর কার্যকর হয়েছে। বাংলাদেশ এখন চাইলেই অনুসমর্থন করে ভারতের পানি প্রত্যাহারের বিরুদ্ধে প্রতিকার চাইতে পারে।

তিস্তার পানি একতরফা প্রত্যাহার করার কারণে বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্কের যথেষ্ট অবনমন হয়েছে। তিস্তার পানি প্রত্যাহার করার মাধ্যমে সেচকাজে ভারতের যেটুকু লাভ হয়, সম্পর্কের অবনমন সেই তুলনায় অনেক বেশি হয়েছে। বরং তিস্তা ইস্যুতে উভয় দেশ লাভবান হতে পারত।

তিস্তা নদীতে বাংলাদেশ সরকার নিজেদের অংশে মহাপরিকল্পনা গ্রহণ করতে যাচ্ছে। ভারত যদি একতরফা পানি প্রত্যাহার অব্যাহত রাখে, তাহলেও বাংলাদেশকে নিজ দেশীয় ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। পানি পাওয়া না-পাওয়ার সঙ্গে মহাপরিকল্পনা গ্রহণ করা থেকে বিরত থাকার উপায় নেই।

তবে নদীকে বাঁচিয়ে রাখতে সেখানে পানির প্রবাহ সচল রাখা চাই। সেই প্রবাহ যতটা প্রাকৃতিক হবে, ততটাই ভালো। তিস্তায় ন্যায্য হিস্যার পানিতে চুক্তি হলে বাংলাদেশ কেবল পানি পাবে, তিস্তা বাঁচবে-


এরপর ২৭ পৃষ্ঠায়

> ফলে কেন্দ্রের সঙ্গে প্রদেশের আর দ্বিমত হওয়ার সুযোগ নেই। আমরা যদি দেখি মমতা বন্দ্যোপাধ্যায় চলে যাওয়ার সঙ্গে সঙ্গে তিস্তার পানিবণ্টন চুক্তি হচ্ছে, তাহলে বুঝব মমতা বন্দ্যোপাধ্যায়ের কারণে তিস্তা চুক্তি হয়নি। আর যদি দেখি মমতা বন্দ্যোপাধ্যায় সরে যাওয়ার পরও তিস্তার পানিবণ্টন চুক্তি হচ্ছে না, তাহলে বুঝতে হবে মুখ্যমন্ত্রী মমতার নাম ব্যবহার করা হয়েছে মাত্র। বাংলাদেশকে ভারত কী চোখে দেখে, তা বোঝা যাবে তিস্তার পানিচুক্তি হওয়া না-হওয়ার ঘটনায়

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com


এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES
Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)
এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
• গাড়ী এক্সিডেন্ট
• কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
• বিল্ডিং এ দূর্ঘটনা
• স্লিপ এন্ড ফল
• ট্রিপ এন্ড ফল
• হাসপাতালে ভুল চিকিৎসা
• বিকলাঙ্গ শিশুর জন্ম
• লেড পয়জনিং
• কাজের জায়গায় দূর্ঘটনা
IMMIGRATION
(Consultation fee applies)
Michael Taub, Esq.
Moin Choudhury, Esq.
ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি
Attorney Michigan Only.
Attorney Michigan Only.
Attorney New Jersey Only
Attorney, Buffalo New York Only
Attorney Connecticut Only
Attorney Pennsylvania Only
WWW.MOINLAW.COM
Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# বিজেপির গরু রাজনীতি ও সংখ্যালঘুদের সংকট

বিবেকানন্দ তখন হেসে উত্তর দিয়েছিলেন, "সে আর বড় মুখ করে বলতে হবে না। এতক্ষণ কথা শুনেই তা বেশ বুঝতে পেরেছি।" বিবেকানন্দের এই ব্যঙ্গের ভেতরে এক গভীর সত্য লুকিয়ে আছে। যে সমাজে মানুষের চেয়ে কোনো প্রতীক বড় হয়ে ওঠে, সেখানে মানবতা হারাতে বাধ্য। গরুকে ভালোবাসা বা ধর্ম পালন করা কোনো অপরাধ নয়; অপরাধ তখনই শুরু হয়, যখন গরু মানুষ হত্যার অজুহাত হয়ে দাঁড়ায়, যখন ধর্ম পরিণত হয় রাজনৈতিক অস্ত্রে, আর প্রতিবেশীকে নাগরিক না ভেবে শত্রু হিসেবে দেখতে শেখানো হয়। ইতিহাস সাক্ষ্য দেয়, বিভেদের রাজনীতি দিয়ে সাময়িক জয় পাওয়া যায়, কিন্তু সমাজকে দীর্ঘস্থায়ী ক্ষত থেকে রক্ষা করা যায় না। ভারত যদি সত্যিই তার বহুত্ববাদী আত্মাকে হারিয়ে ফেলে, তবে তা শুধু ভারতের নিজের জন্য নয়, পুরো দক্ষিণ এশিয়ার জন্যই এক অশনিসংকেত

চিররঞ্জন সরকার



ভারতে বিজেপি শাসন যত শক্তপোক্ত ও দীর্ঘস্থায়ী হচ্ছে, ধর্মের ভিত্তিতে বিভাজনটাও তত স্পষ্ট ও দৃঢ় হচ্ছে। বজরং দল, আরএসএস, বিজেপিসহ উগ্র হিন্দুত্ববাদী সংগঠনগুলো এক সময় যে রাজনীতি শুরু করেছিল, এখন তা সমাজের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে পড়েছে। গরুর মাংস খাওয়া, ধর্মীয় আচার পালন, পোশাক, নাম সবকিছুই এখন সন্দেহের উপাদান। কখনও 'জিহাদি', কখনও 'পাকিস্তানের এজেন্ট', কখনও 'দেশবিরোধী'-এমন নানা তকমা লাগিয়ে মুসলমানদের কোণঠাসা করার এক দীর্ঘ সামাজিক-রাজনৈতিক প্রক্রিয়া গত দেড় দশকে দৃশ্যমান হয়েছে।

সবচেয়ে ভয়ংকর বিষয় হলো, এই বিভাজনের রাজনীতি এখন আর কেবল বক্তৃতা বা টেলিভিশন বিতর্কে সীমাবদ্ধ নেই; তা রাস্তায় নেমে এসেছে। ভারতের বিভিন্ন রাজ্যে শুধু গরুর মাংস রাখার সন্দেহে মানুষকে পিটিয়ে হত্যার মতো নৃশংস ঘটনা ঘটেছে। ২০১৫ সালে উত্তরপ্রদেশের দাদরিতে মোহাম্মদ আখলাককে পিটিয়ে হত্যা করা হয়েছিল তার ফ্রিজে গরুর মাংস আছে, এই গুজব ছড়িয়ে। সেটি আদৌ গরুর মাংস ছিল কি না, তা নিয়েও প্রশ্ন ছিল। কিন্তু ততক্ষণে একজন মানুষ মারা গেছেন। ২০১৭ সালে রাজস্থানের আলওয়ারে দুগ্ধ খামারি পেহলু খানকে গরু পাচারের অভিযোগে পিটিয়ে হত্যা করা হয়, যদিও তার কাছে বৈধ কাগজপত্র ছিল। ঝাড়খণ্ডে আলিমুদ্দিন আনসারি, তাবরেজ আনসারি-এমন বহু নাম ভারতের সাম্প্রতিক ইতিহাসে রক্তাক্ত স্মৃতি হয়ে আছে। এই ঘটনাগুলো বিচ্ছিন্ন নয়। এগুলো এমন এক মানসিকতার বহিঃপ্রকাশ, যেখানে ধর্মীয় পরিচয় নাগরিক পরিচয়ের চেয়ে বড় হয়ে উঠছে।

ভারতের বহু রাজ্যে আগে থেকেই গরু জবাই সীমিত বা নিষিদ্ধ ছিল। কিন্তু বিজেপি কেন্দ্রে ক্ষমতায় আসার পর এই আইনগুলো আরও কঠোর হতে শুরু করে। ২০১৪ সালের পর উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, কর্ণাটক, আসামসহ বিভিন্ন বিজেপি-শাসিত রাজ্যে গো-হত্যাবিরোধী আইন কঠোর করা হয়। ২০১৫ সালে মহারাষ্ট্রে আইন কঠোর করার পর শাস্তি আরও বাড়ানোর আলোচনা চলে।



গুজরাটে তো গরু জবাইয়ের সাজা যাবজ্জীবন কারাদণ্ডে উন্নীত করা হয়। ২০১৭ সালে কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রণালয় 'দ্য প্রিভেনশন অব ক্রুয়েলটি টু অ্যানিমেলস রুলস' জারি করে পশুবাজারে জবাইয়ের উদ্দেশ্যে গবাদিপশু কেনাবেচার ওপর নিষেধাজ্ঞা আরোপ করে। এ নিয়ে দেশজুড়ে তীব্র বিতর্ক শুরু হলে শেষ পর্যন্ত আদালতকে হস্তক্ষেপ করতে হয়েছিল।

এখন সেই একই রাজনীতির ছায়া পশ্চিমবঙ্গেও দৃশ্যমান। দীর্ঘকাল ধরে যে পশ্চিমবঙ্গকে গান, সিনেমা, সাহিত্য, শিল্প ও ধর্মীয় সহাবস্থানের এক উদার ভূখণ্ড হিসেবে বিবেচনা করা হতো, সেখানে বিজেপি সরকার গঠনের পর গরু ও মহিষ জবাইয়ের ওপর কঠোর বিধিনিষেধ নতুন করে 'গরু-বিতর্কে' আগুন জ্বালিয়েছে। কোরবানির ঈদের ঠিক আগে ১৯৫০ সালের 'পশ্চিমবঙ্গ পশু জবাই নিয়ন্ত্রণ আইন' কঠোরভাবে বাস্তবায়নের এই উদ্যোগকে অনেকে নিছক প্রশাসনিক সিদ্ধান্ত হিসেবে দেখছেন না, একে দেখা হচ্ছে একটি সুনির্দিষ্ট রাজনৈতিক বার্তা হিসেবে।

সরকার অবশ্য দাবি করছে, এটি জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষার স্বার্থে করা হয়েছে। কিন্তু রাজনীতিতে 'সময়' খুব বড় বিষয়। 'ধরি মাছ না ছুঁই পানি' কৌশলে এভাবেই ধর্মীয় মেরুকরণ করা হয়। সরাসরি নিষেধাজ্ঞা না চাপিয়ে এমন এক প্রশাসনিক জটিলতা তৈরি করা হয়, যাতে মানুষ আইনি ভয়ে নিজেরাই গুটিয়ে যায়।

বাস্তবতা হলো, ভারতের ১৮ কোটিরও বেশি মুসলমান ছাড়াও বহু অমুসলিম নিয়মিত গরুর মাংস খান। তাছাড়া, ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মাংস রপ্তানিকারক দেশ এবং এই শিল্পের সঙ্গে কোটি কোটি মানুষের রুটি-রুজি জড়িত। কিন্তু ওই দেশেই এখন গরুর মাংসকে রাজনৈতিক স্বার্থ হাসিলের হাতিয়ার বানানো হয়েছে।

সবচেয়ে বড় প্রহসন হলো, এই রাজনীতির কারণে সবচেয়ে বেশি অর্থনৈতিক ক্ষতির মুখে পড়েছেন সাধারণ হিন্দু কৃষক ও খামারিরা। ভারতের গ্রামীণ অর্থনীতিতে গরু শুধু ধর্মীয় প্রতীক নয়, এটি গ্রামীণ উপার্জনের মূল ভিত্তি। গরুর দুধ বিক্রি করে কোটি কোটি পরিবার চলে। একটি গাভী যখন দুধ দেওয়া বন্ধ করে, তখন কৃষক সেটি বিক্রি করে ওই টাকা দিয়ে নতুন গাভী কেনেন। কিন্তু বিক্রির পথ বন্ধ হলে পুরো অর্থনৈতিক চক্র ভেঙে পড়তে পারে।

আজ ভারতের বহু রাজ্যে ঠিক এই সংকটই তৈরি হয়েছে। সীমান্তে কড়াকড়ির কারণে বাংলাদেশে গরু পাঠানো প্রায় বন্ধ। দেশের ভেতরেও তথাকথিত 'গো-রক্ষক' বাহিনীর হামলার ভয়ে পরিবহনকারীরা পশুবাহী ট্রাক চালাতে সাহস পাচ্ছেন না। ফলে বৃদ্ধ ও অনুৎপাদক গরুগুলো আর বিক্রি করা যাচ্ছে না। বাধ্য হয়ে কৃষকেরা রাতের অন্ধকারে সেসব গরু রাস্তায় ছেড়ে দিচ্ছেন। উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, রাজস্থানজুড়ে লাখ লাখ বেওয়ারিশ গরু এখন ফসলের মাঠ নষ্ট করছে, আর কৃষকদের রাত জেগে মাঠ পাহারা দিতে হচ্ছে। অর্থাৎ, ধর্মের আবেগে তৈরি নীতি শেষ পর্যন্ত খোদ হিন্দু কৃষকদের গলার ফাঁস হয়ে দাঁড়িয়েছে। 'নিজের পায়ে নিজেই কুড়াল মারা'র প্রবাদটি যেন ভারতের বর্তমান গো-রাজনীতির সঙ্গেই সবচেয়ে এরপর ৩৮ পৃষ্ঠায়

# বিচারহীনতার অন্ধকারে বেড়ে ওঠা এক প্রজন্ম

দীপু মাহমুদ

'বিচার করতে না পারলে রামিসার অপরাধীকে আমাদের হাতে তুলে দিন'- রাজধানীর রাজপথে দাঁড়িয়ে কয়েকজন কিশোরের উচ্চারিত এই বাক্য কেবল একটি হত্যাকাণ্ডের প্রতিবাদ নয়; এটি রাষ্ট্রের প্রতি গভীর হতাশা, ক্ষোভ এবং আস্থা হারানোর নির্মম দলিল। এমন কথা কোনো সভ্য সমাজে উচ্চারিত হওয়ার কথা নয়। কারণ সভ্য রাষ্ট্রে মানুষ বিচার নিজের হাতে তুলে নিতে চায় না; মানুষ রাষ্ট্রের ওপর আস্থা রাখতে চায়। আদালত, আইন, তদন্ত এবং বিচার ব্যবস্থার ওপর নির্ভর করতে চায়। কিন্তু যখন মানুষ বছরের পর বছর দেখে অপরাধ ঘটে, প্রতিবাদ হয়, সংবাদ প্রকাশিত হয়, সামাজিক মাধ্যম উত্তাল হয়- তারপরও বিচার ঝুলে থাকে, তখন মানুষের ভেতরে জমতে থাকে ভয়ংকর এক বিশ্বাস: 'বিচার পাওয়া যায় না'।

রামিসা হত্যাকাণ্ড জমে থাকা ক্ষতের ওপর নতুন করে আঘাত করেছে

রাজধানীর মিরপুরে স্কুলশিক্ষার্থী রামিসার রহস্যজনক মৃত্যু ঘিরে সহপাঠী ও কিশোরদের মধ্যে তীব্র ক্ষোভ ছড়িয়ে পড়ে। বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা মানববন্ধন করে, বিক্ষোভ করে, সংবাদ সম্মেলন করে। তাদের হাতে লেখা নানা প্ল্যাকার্ডে উঠে আসে। কিন্তু সবচেয়ে উদ্বেগজনক স্লোগানটি ছিল- 'বিচার করতে না পারলে অপরাধীকে আমাদের হাতে তুলে দিন'। এই একটি বাক্যই বুঝিয়ে দেয়, নতুন প্রজন্মের একাংশ রাষ্ট্রীয় বিচার ব্যবস্থার প্রতি কতটা অনাস্থাশীল হয়ে উঠছে।


সবচেয়ে বেদনাদায়ক দিকগুলোর একটি ছিল রামিসার বাবার বক্তব্য। সংবাদমাধ্যমে তিনি বলেছেন, তিনি আর বিচার চান না, শুধু চান যেন আর কোনো বাবাকে এমন কষ্ট সহ্য করতে না হয়। একটি সন্তানের হত্যার পর একজন বাবা যখন রাষ্ট্রের কাছে দৃঢ়ভাবে বিচার দাবি না করে হতাশা, ক্লান্তি ও অবিশ্বাসের ভাষায় কথা বলেন, তখন সেটি শুধু ব্যক্তিগত শোকের প্রকাশ থাকে না, সেটি বিচার ব্যবস্থার প্রতি মানুষের গভীর আস্থাহীনতার প্রতীক হয়ে ওঠে।

কারণ সাধারণত একজন বাবা-মা সন্তানের হত্যার পর ন্যায়বিচারের জন্য শেষ পর্যন্ত লড়াই করতে চান। কিন্তু যখন কেউ মনে করেন বিচার হয়তো হবে না, অথবা হলেও দীর্ঘ সময়ের অনিশ্চয়তায় হারিয়ে যাবে, তখন সেই মানুষটির কণ্ঠে ক্ষোভের বদলে এক ধরনের ভাঙা নিরাশা তৈরি হয়। রামিসার বাবার বক্তব্য সেই সামাজিক বাস্তবতাকেই সামনে নিয়ে এসেছে।

এটা আমাদের জন্য অত্যন্ত অস্বস্তিকর একটি প্রশ্নও তৈরি করে, কেন একজন শোকাহত বাবা রাষ্ট্রের বিচার ব্যবস্থার প্রতি পূর্ণ আস্থা রাখতে পারছেন না? কেন তিনি মনে করছেন, বিচার চাওয়ার চেয়েও বড় কথা হলো ভবিষ্যতে আর যেন এমন ঘটনা না ঘটে?

এই প্রশ্নের উত্তর খুঁজতে গেলে আমাদের বিচারহীনতার দীর্ঘ ইতিহাস, বিলম্বিত বিচার, প্রভাবশালী অপরাধীদের পার পেয়ে যাওয়ার সংস্কৃতি এবং মানুষের ক্রমশ ভেঙে পড়া আস্থার দিকেই তাকাতে হয়।

এই অনাস্থা হঠাৎ তৈরি হয়নি। এটি দীর্ঘদিনের বিচারহীনতা,



ক্ষমতার অপব্যবহার, তদন্তের দুর্বলতা এবং বিচারের দীর্ঘসূত্রতার ফল।

বাংলাদেশে বহু আলোচিত হত্যাকাণ্ড ও নির্যাতনের ঘটনায় জনমনে একই ধরনের হতাশা সৃষ্টি হয়েছে। তনু হত্যা, নুসরাত জাহান রাফি হত্যা, বরগুনায় রিফাত শরীফ হত্যা, আবরার ফাহাদ হত্যা, সিলেটের শিশু রাজন হত্যা- প্রতিটি ঘটনায় মানুষ রাস্তায় নেমেছে। সামাজিক ক্ষোভ সৃষ্টি হয়েছে। কিন্তু একই সঙ্গে মানুষের মনে জন্ম নিয়েছে আরেকটি প্রশ্ন: 'বিচার কি সত্যিই হবে?'

শুধু আলোচিত ঘটনাই নয়, প্রতিদিন দেশের বিভিন্ন প্রান্তে শিশু নির্যাতন, ধর্ষণ, হত্যা ও সহিংসতার খবর প্রকাশিত হচ্ছে। বাংলাদেশ শিশু অধিকার ফোরামের বিভিন্ন প্রতিবেদনে দেখা গেছে, প্রতিবছর শত শত শিশু হত্যা, ধর্ষণ ও নির্যাতনের শিকার হচ্ছে। অনেক ঘটনায় মামলা পর্যন্ত হয় না, অনেক ঘটনায় তদন্ত শেষ হয় না, আবার অনেক ক্ষেত্রে বিচার দীর্ঘ সময় ধরে ঝুলে থাকে। ফলে অপরাধীর মনে ভয় কমে যায়, আর সাধারণ মানুষের মনে জন্ম নেয় হতাশা।

পরিসংখ্যান বলছে, বাংলাদেশে নারী ও শিশু নির্যাতন মামলার একটি বড় অংশ বছরের পর বছর নিষ্পত্তিহীন থাকে। আইন ও সালিশ কেন্দ্রের তথ্য অনুযায়ী, শিশু ধর্ষণ ও হত্যার বহু ঘটনায় অভিযোগ গঠনের পরও বিচার প্রক্রিয়া দীর্ঘসূত্রতায় আটকে থাকে। আদালতের জট, তদন্তের ধীরগতি, সাক্ষীর নিরাপত্তাহীনতা এবং প্রভাবশালী মহলের হস্তক্ষেপ- সব মিলিয়ে বিচার ব্যবস্থার প্রতি মানুষের আস্থা ক্ষয়ে যাচ্ছে। জাতিসংঘ শিশু তহবিল ইউনিসেফও বিভিন্ন প্রতিবেদনে বলেছে, সহিংসতা ও নিরাপত্তাহীনতার অভিজ্ঞতা একজন শিশুর মানসিক বিকাশ, আত্মবিশ্বাস ও সামাজিক আচরণে দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব ফেলে। অর্থাৎ বিচারহীনতা কেবল আইনি ব্যর্থতা নয়; এটি ভবিষ্যৎ নাগরিক তৈরির ক্ষেত্রেও গভীর সংকট সৃষ্টি করে।

সবচেয়ে ভয়ংকর দিক হলো, এই বাস্তবতা এখন শিশু-কিশোরদের মানসিকতাকেও প্রভাবিত করছে।

একজন শিশু যখন টেলিভিশনে দেখে খুনের সংবাদ, ধর্ষণের সংবাদ, নির্যাতনের সংবাদ; তারপর দেখে মাসের পর মাস, বছরের পর বছরেও বিচার শেষ হচ্ছে না- তখন তার মানসিক জগতে রাষ্ট্রের যে নৈতিক এরপর ৩৬ পৃষ্ঠায়




সবচেয়ে বড় কথা, আমাদের শিশু-কিশোরদের সামনে কেমন রাষ্ট্রের ছবি তৈরি হচ্ছে, সেটি এখন গভীরভাবে ভাবতে হবে। তারা যদি বিশ্বাস করতে শেখে যে ন্যায়বিচারের একমাত্র পথ প্রতিশোধ, তাহলে সেটি হবে একটি সভ্য সমাজের ভয়াবহ ব্যর্থতা। কোনো কিশোরের মুখে এই বাক্য শোভা পায় না- 'বিচার করতে না পারলে অপরাধীকে আমাদের হাতে তুলে দিন।' এই বাক্য একটি সমাজের ক্ষত, রাষ্ট্রের প্রতি মানুষের হতাশা এবং বিচারহীনতার দীর্ঘ ইতিহাসের প্রতীক। রামিসার বিচার তাই শুধু একটি মামলার নিষ্পত্তি নয়; এটি মানুষের হারিয়ে যাওয়া আস্থা ফিরিয়ে আনার লড়াই। রাষ্ট্র যদি এই আর্তনাদ শুনতে ব্যর্থ হয়, তাহলে ভবিষ্যতে আরও বহু কিশোরের কণ্ঠে একই স্লোগান ধ্বনিত হবে। আর সেটিই হবে আমাদের সভ্যতার জন্য সবচেয়ে বড় অশনিসংকেত

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

## ৭৪৯

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট



জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট



মাহির
ট্রাভেল কনসালটেন্ট



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট



নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

## Phone: 917-396-4140, 917-592-7828

# বাংলাদেশের লোকসঙ্গীত সম্রাট
# আব্দুল আলীম'র
# জন্মবার্ষিকী উপলক্ষে বিশেষ আয়োজন



সঙ্গীত পরিবেশনায়

শিমুল খান
দিলরুবা খান'র কন্যা

জোহরা আলীম
আব্দুল আলীম'র কন্যা

তারিখ- ৩১শে মে ২০২৬
সময় : বিকেল ৬টা

স্টার কাবাব
হিলসাইড, জ্যামাইকা, নিউইয়র্ক-১১৪৩২

আয়োজনে

**ABDUL ALIM SRITI PARISHAD-USA**

**আব্দুল আলীম স্মৃতি পরিষদ-যুক্তরাষ্ট্র**



বেলাল আহমেদ
প্রতিষ্ঠাতা সভাপতি
আব্দুল আলীম স্মৃতি পরিষদ, যুক্তরাষ্ট্র
ফোনঃ 646 662 9353


জামালপুর জেলা সমিতি অব নর্থ আমেরিকা ইনক্
Jamalpur Zilla Samity of North America INC.
যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রিয় জামালপুরবাসী, আসসালামু আলাইকুম।
জামালপুর জেলা সমিতি অব নর্থ আমেরিকা ইনক্ এর ২০২৬-২০২৮ অর্থবছরের পূর্ণাঙ্গ কমিটির তালিকা আপনাদের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো।
অভিষেক অনুষ্ঠান ২০২৬
মোঃ আশরাফ হোসেন সভাপতি
মোঃ তারেক খান সাধারণ সম্পাদক
বেলাল আহমেদ সহ-সভাপতি
মোঃ মাইনুল ইসলাম (মুনু) সহ-সভাপতি
খন্দকার সালমান সহ-সভাপতি
সিদ্দীক আকবর বিদ্যুৎ সহ-সভাপতি
মোঃ জাহের আলী সহ-সভাপতি
মোঃ আজিজুর রহমান সহ- সাধারণ সম্পাদক
মোঃ নুরুল ইসলাম সহ- সাধারণ সম্পাদক
সাইফ আলী সহ- সাধারণ সম্পাদক
শাকিল মাহমুদ সাংগঠনিক সম্পাদক
মোঃ সাইফুল ইসলাম কোষাধ্যক্ষ
মোঃ হক জনি আপ্যায়ন সম্পাদক
মোঃ মনিরুজ্জামান মনির প্রচার সম্পাদক
মাহিদ জিয়ান ক্রীড়া সম্পাদক
শাকিলা রুনা সাংস্কৃতিক সম্পাদক
মোঃ ছায়েদুর রহমান সমাজ কল্যান সম্পাদক
লুৎফর রহমান লিমন দপ্তর সম্পাদক
মনোয়ারা বেগম মহিলা সম্পাদক
মোঃ নাজমুল হক কার্যকরি সদস্য
খন্দকার আবু মুরাদ কার্যকরি সদস্য
মোঃ নাসির ইকবাল কার্যকরি সদস্য
আহম্মদ রেজা খান (পিপলু) কার্যকরি সদস্য
মোঃ আতিকুল্লাহ আতিক কার্যকরি সদস্য
কার্যকরি সদস্য
মোখলেছুর রহমান (মোস্তফা) কার্যকরি সদস্য
কার্যকরি সদস্য
সৈয়দ আহমেদ (বাবলা) কার্যকরি সদস্য
মেহেদী হাসান মুন কার্যকরি সদস্য
কার্যকরি সদস্য
মাহমুদুল হাসান (মানিক) কার্যকরি সদস্য
শরিফুর রাজী (মন্জু) কার্যকরি সদস্য
মোশারফ হোসেন খান কার্যকরি সদস্য
জাহিদুল ইসলাম কার্যকরি সদস্য
মোঃ আমিনুল ইসলাম কার্যকরি সদস্য
বাবলী সোম কার্যকরি সদস্য






## জ্যামাইকায় ঈদ মেলা অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

নালের। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জনপ্রিয় অভিনেতা আহমেদ শরীফ, শিল্পপতি গোলাম ফারুক ভূঁইয়া, নাট্যশিল্পী ডা. ফারুক আজম, উদ্যোক্তা নাহিদা আক্তার নিশা, মুমি রায় এবং রোজি। অতিথিরা তাদের বক্তব্যে বলেন, প্রবাসে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য এমন প্ল্যাটফর্ম অত্যন্ত প্রয়োজনীয়, কারণ এটি তাদের ব্যবসা সম্প্রসারণের পাশাপাশি নিজেদের পরিচিতি বাড়ানোর সুযোগ করে দেয়।

অনুষ্ঠানটির সার্বিক উপস্থাপনায় ছিলেন মনজুরুল হক। দিনজুড়ে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, সংগীত পরিবেশনা, নৃত্য এবং নানা বিনোদনমূলক আয়োজন। শিশু-কিশোর ও পরিবারকেন্দ্রিক বিভিন্ন আয়োজনের কারণে পুরো অনুষ্ঠানস্থল জুড়ে ছিল আনন্দ আর উচ্ছ্বাসের আবহ। মেলায় অংশ নেয়া উদ্যোক্তারা দেশীয় পোশাক, অলংকার, হস্তশিল্প, প্রসাধনী এবং বিভিন্ন ঐতিহ্যবাহী পণ্যের আকর্ষণীয় পসরা সাজিয়ে দর্শনার্থীদের মন কাড়েন।

শিশুদের জন্য আয়োজন করা হয় চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ফ্যাশন শো এবং বিভিন্ন বিনোদনমূলক কার্যক্রম। প্রতিযোগিতায় অংশ নেওয়া শিশুদের মধ্যে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অঙ্কন পার্টি হলের সিইও মোহাম্মদ হোসেন ইশতিয়াক এবং মিসেস ইশতিয়াক। শিশুদের উচ্ছ্বাস এবং অভিভাবকদের অংশগ্রহণে এই পর্বটি বিশেষভাবে প্রাণবন্ত হয়ে ওঠে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী বলেন, এ ধরনের মেলার মাধ্যমে শুধু ক্ষুদ্র উদ্যোক্তারাই লাভবান হন না, বরং কমিউনিটির মধ্যে পারস্পরিক যোগাযোগ ও বন্ধন আরও দৃঢ় হয়। নতুন প্রজন্মের সঙ্গে দেশের সংস্কৃতির সংযোগ তৈরি হয়।

## বাংলাবাজার মসজিদের ঈদ জামায়াতে মামদানী

৬২ পৃষ্ঠার পর

করেন মসজিদের ইমাম ও খতীব মাওলানা আবুল কাশেম মোহাম্মদ ইয়াহইয়া। এসময় বাংলাবাজার ইসলামিক সেন্টারের হাফিজ বদরুল আলম সংক্ষিপ্ত আলোচনায় অংশ নেন। তারা ঈদুল আজহার গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন।




নামাজ শেষে মুসলিম উম্মাহসহ বিশ্ব মানবতার কল্যাণ কামনায় বিশেষ দোয়া করা হয়।

বাংলাবাজার মসজিদের সাধারণ সম্পাদক শাহেদ আহমেদের পরিচালনায় জামাতের পূর্বে বক্তব্য রাখেন মসজিদের সভাপতি ডা. আবদুল সবুর, প্রধান উপদেষ্টা মো. ফখরুল ইসলাম ও ফান্ডরেইজিং কমিটির চেয়ারম্যান আলমাছ আলী। এসময় তাদের সাথে ছিলেন মসজিদের কোষাধ্যক্ষ ইকবাল হোসেন।

সভাপতি ডা. আবদুল সবুর মসজিদের প্রস্তাবিত বহুতল ভবন নির্মাণ প্রকল্পের সর্বশেষ অবস্থা তুলে ধরে বলেন, বাংলাবাজার জামে মসজিদের ক্রয়কৃত পার্শ্ববর্তী ৫ হাজার স্কয়ারের খালি জায়গার পাশের কিউনারেল হোমসহ জমিটি ক্রয়ের বিষয়টি এখনো চূড়ান্ত পর্যায়ে রয়েছে। কিউনারেল হোমসহ জমিটি ক্রয়ের পরই প্রস্তাবিত নতুন বহুতল ভবন নির্মাণ কাজ শুরু করা হবে। প্রকল্পটি বাস্তবায়নের জন্যে বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন। এজন্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন তিনি। ফান্ডরেইজিং কমিটির চেয়ারম্যান আলমাছ আলী প্রস্তাবিত মসজিদ প্রকল্প বাস্তবায়নে আর্থিক সহযোগিতায় এগিয়ে আসার জন্য সকলের প্রতি বিনীত অনুরোধ জানান।

## আরাফাতে মুসলিম উম্মাহর ঐক্যের ডাক

৬২ পৃষ্ঠার পর

করা হয়। মোনাজাতে তিনি বলেন, আল্লাহ যেন মুসলিমদের অবস্থার উন্নতি করেন, তাদের মধ্যে পারস্পরিক ঐক্য সৃষ্টি করেন এবং তাদের সঠিক পথে পরিচালিত করেন।

সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) জানায়, খুতবায় শেখ আল-হাসাইকি হজের মৌলিক গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, হজ ইসলামের একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ, যার ভিত্তি আল্লাহর একত্ববাদ এবং তার প্রতি পূর্ণ আনুগত্য। তিনি আরও উল্লেখ করেন, হজ বিশ্বের বিভিন্ন জাতি ও ভাষার মুসলমানদের মধ্যে পরিচিতি, ভ্রাতৃত্ব, সহযোগিতা ও ঐক্যের এক অনন্য সমাবেশস্থল।

ইমাম তার বক্তব্যে তাকওয়া বা আল্লাহভীতির গুরুত্বও তুলে ধরেন এবং সততা, সুন্দর আচরণ ও সত্য কথা বলার মাধ্যমে হজের পূর্ণতা অর্জনের আহ্বান জানান। একই সঙ্গে গুনাহ, ঝগড়া-বিবাদ এবং রাজনৈতিক বা দলীয় স্লোগান থেকে বিরত থাকার পরামর্শ দেন।

হাজিরা ভোর থেকেই মক্কার কাছে ৭০ মিটার উঁচু জাবালে রহমতে অবস্থান করেন, যেখানে তারা সাদা ইহরাম পরে কোরআন তিলাওয়াত ও দোয়া করেন। ঐতিহাসিক এই পাহাড়েই বিদায় হজের সময় মহানবী হজরত মুহাম্মদ (সা.) তার গুরুত্বপূর্ণ ভাষণ দিয়েছিলেন। প্রায় ১৪০০ বছর আগে এই স্থান থেকেই তিনি বিদায় হজের ঐতিহাসিক খুতবা প্রদান করেন। সৌদি আরবের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এসপিএ আরও জানায়, খুতবা শেষে হাজিরা সুন্নাহ অনুযায়ী একসঙ্গে জোহর ও আসরের নামাজ কসর ও জমা করে আদায় করেন।

মসজিদে নামিরাকে ইসলাম ধর্মের অন্যতম গুরুত্বপূর্ণ স্থান হিসেবে বিবেচনা করা হয়। আরাফাতের ময়দানের ভিতরে অবস্থিত এই মসজিদটি মসজিদুল হারাম থেকে প্রায় ২২ কিলোমিটার দূরে এবং হজের নির্ধারিত পবিত্র স্থানসমূহের মধ্যে অন্যতম বৃহৎ। এদিকে সৌদি পরিবহন কর্তৃপক্ষ জানায়, এ বছর সকাল ৭টা ৫৬ মিনিটের মধ্যেই হাজিদের আরাফাতে পৌঁছে দেয়া সম্পন্ন হয়, যা গত বছরের তুলনায় প্রায় দুই ঘণ্টা আগেই শেষ করা সম্ভব হয়েছে। হাজিদের যাতায়াতে শাটল বাস, সাধারণ যানবাহন এবং আল মাশায়ের আল মুকাদ্দাসাহ মেট্রোরেল ব্যবহার করা হয়েছে, যাতে পুরো প্রক্রিয়া সুশৃঙ্খলভাবে সম্পন্ন হয়।




ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878
careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Bangladeshi Zakir Challenging Karines in Assembly Election

**Shah Nawaz**





Bangladeshi American Zakir Choudhury is running for assembly district 87. If he elect will be first Bangladeshi politician in Albany and will make history. He is running against incumbent Assemblywoman Karines Reyes, who is in office from January 2019. There will be democratic primary election on 23rd June 2026. Winning candidate will be democratic candidate in the general election on November 3, 2026. Democratic party candidate normally wins in the general election due to heavily democratic district. 47,410 Thousands voters are registered democrat out of 66,503 total voters as of 20th February 2026. 4,061 voters are registered republican. Rest of the voters is not party affiliated.

Zakir Choudhury is a certified public accountant (CPA) and candidate for New York State Assembly District 87 in the Bronx. He has dedicated his career to helping working families and small businesses navigate financial challenges and build stability. As an immigrant and community advocate, Zakir understands the everyday struggles residents face, including affordability, public safety, and access to opportunity. He is committed to bringing practical solutions, transparency, and accountability to government. Zakir is running to ensure that every voice in District 87 is heard and to build a stronger, safer, and more affordable community for all.

His candidacy is shaped by decades of professional experience helping families, seniors, and small businesses navigate financial challenges — and by years of living and raising his family in our community.

As both a financial professional and a community organizer, Zakir has seen firsthand the struggles everyday New Yorkers face. He understands how rising costs, limited resources, and declining public safety impact working families, immigrants, youth, women, and seniors. These experiences drive his commitment to addressing the most urgent issues in our neighborhoods: strengthening public safety, making housing and healthcare more affordable, expanding opportunities for youth and women, improving education and job creation, supporting senior centers, and helping small businesses grow.

Karines Reyes is a registered nurse and NYS assembly member serving the Southeast Bronx neighborhoods of Parkchester, Castle Hill, West Farms & Westchester Square since 2019.

She has passed 30+ unique laws to help working class families and seniors thrive. As a union member, she has passed laws to increase wages and benefits standards for working people. Karines has used her experience as a mother and former trade unionist to promote equity and justice for her constituents.

She has resided here with her husband and two sons. Karines also identifies as an Afro-Latina, of Dominican and Puerto Rican-Descent. Zakir choudhury is in good hand due to 6 thousands voters are Bangladeshi origin in this district and they are united. In the primary Continued on page 26




## Canadians are folding on Vegas: Democrats see a royal flush

**Ajkal Desk**

President Donald Trump's trade war has driven Canadians from Las Vegas. Democrats think it will help them protect their Nevada battleground seats in November.

Last year, as Trump levied tariffs on Canada, visits from Canadians — who account for up to half of Las Vegas' foreign tourism — dropped off by 17 percent. That played a large role in a 7.5 percent year-over-year decline in total tourist visits, making 2025 the worst non-pandemic year for Las Vegas since the city started tracking data in 1970. Now, as peak tourism season arrives in a battleground state where Republicans' control of the House could be won or lost, Democrats are pushing voters to see the tourism slump as a direct impact of Trump's levies.

"Trump instituted his reckless tariffs. In response, Canadians have literally boycotted traveling to America," said Rep. Susie Lee (D-Nev.), whose Las Vegas-area seat is Republicans' top target in the state. "That has had a significant impact on our tourism."

Trump narrowly carried Lee's district in 2024 and nearly won two other Vegas-area districts held by Democrats. Republicans are less bullish Continued on page 26



## Could Trump save Rep. Congressman Mike Lawler?

**Ajkal Desk**

Trump touched down last Friday in Republican Rep. Mike Lawler's district — viewed as critical to determining whether Republicans keep control of the House — to tout affordability moves from the administration. Embracing Trump poses serious political risks for the two-term incumbent, especially as the president faces brutal approval ratings amid the war in Iran and rising gas prices.

But as voters remain anxious about rising costs, Trump — speaking to thousands of attendees in the gymnasium of Rockland Community College — sought to change the economic conversation to instead focus on the benefits of expanding the state and local tax deduction, a push that Lawler was at the forefront of last year.

"He didn't stop. This guy was a pain in the ass. It was terrible," Trump said of Lawler, who he referred to as "Mr. SALT." "You're lucky to have him in this community. … With the help of your great congressman, what happened? We got your taxes cut, not only from the standpoint of SALT, but your taxes were cut, your take-home pay has soared."

